গাংনীতে মাদকাসক্ত স্বামী যৌতুকের জন্য স্ত্রী নির্যাতন

যৌতুকের দাবীতে আবারো আগের মতই নির্যাতন আর অত্যাচার। শুধু আমাকে নয়, আমার এক মাস ২২ দিন বয়সী ছেলে সামিরকে ফেলে দিয়ে একটি পা ভেঙ্গে দিয়েছে আমার স্বামী। যে কারনে আদালতে মামলা করেছিলাম।

অনেক লোকজন শালিস মিমাংশা করে নতুন করে নিয়ে আসে। কিন্তু সে ভাল হয়নি। ফিরে গেছে মাদকের রাজ্যে। এভাবেই নির্যাতনের বর্ণনা করলেন নির্যাতিত মৌসুমী খাতুন। শনিবার সকালের দিকে স্বামী সুমন হোসেন মৌসুমী খাতুনকে বাবার বাড়ি থেকে টাকা আনতে বলেন। মৌসুমী টাকা আনতে পারবেনা বলে জানালে শুরু হয় নির্যাতন।

জানা গেছে, প্রায় ৬ বছর আগে গাংনী উপজেলার খাসমহল গ্রামের স্কুল পাড়া এলাকার আবের আলীর মেয়ে মৌসুমী খাতুনের সাথে একই উপজেলার ছাতিয়ান গ্রামের আনারুল ইসলামের ছেলে সুমন হোসেনের বিয়ে হয়। বিয়ের পর থেকেই যৌতুকের জন্য মৌসুমীর উপর নির্যাতন করে আসছিল সুমন। ওই সময় মৌসুমীর একটি সন্তান হয়।

এক পর্যায়ে সে সুমন হোসেনকে তালাক দিয়ে পিতার বাড়িতে চলে যায়। স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা তাদের সংসার পুনরায় জোড়া লাগিয়ে দেন। বাড়িতে নিয়ে এসেই আবারো শুরু করে নির্যাতন। মৌসুমী জানান এবার আর তার সাথে সংসার নয়, এবার তার বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুর জেলা ছাত্রদলের ছাত্র সমাবেশ ও বিক্ষোভ মিছিল

ভোলায় পুলিশে গুলিতে নিহত ছাত্রদলের সভাপতি নূরে আলম নিহত হওয়ার প্রতিবাদে মেহেরপুর জেলা তৃণমূল ছাত্রদলের উদ্যেগে ছাত্র সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেলে মেহেরপুর শহরের বড় বাজার এলাকায় জেলা বিএনপি’র কার্যালয়ে এ ছাত্র সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। বিক্ষোভ মিছিলটি মেহেরপুর শহরের বড় বাজার এলাকার জেলা বিএনপি’র কার্যালয় থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

মেহেরপুর জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানির সভাপতিত্বে ছাত্র সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন,জেলা বিএনপির যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

এছাড়া বক্তব্য রাখেন, জেলা যুবদলের যুগ্ম সম্পাদক হুজাইফা ডিক্লেয়ার, ছাত্রদলের যুগ্ম সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু,সহ সাংগঠনিক সম্পাদক লিটন উদ্দিন, যুবদল নেতা শফিকুল, সদস্য খাইরুল।

এসময় জেলা আইনজীবী সমিতির সাবেক সাধারন সম্পাদক অ্যাড. নজরুল ইসলাম,পৌর ছাত্রদল নেতা ফুর্তি হাসান, রাব্বি, সোহাগ, বিল্লাল। সদর থানা ছাত্রদল নেতা রাজু, জয়নাল। মুজিবনগর উপজেলা ছাত্রদলের নেতা রুবেল, নাহিদ,নাদিম, আমঝুপি ইউনিয়ন ছাত্রদল নেতা নয়ন, রাজু, ফারিদুল, কুতুবপুর ইউনিয়ন ছাত্রদল নেতা জুবায়ের, জাহিদসহ অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

যুবদল নেতা মনিরুল ইসলাম মনির সঞ্চালনায় সভাপতির বক্তব্যে নাহিদ মাহবুব সানি বলেন,নূরে আলম ভাই জীবন দিয়েছে বাংলাদেশের সকল জনগণের জন্য,বাংলাদেশের মানুষের গণতান্ত্রিক অধিকার আদায়ের জন্য। স্বাধীন বাংলাদেশ আজকে স্বাধীন নয়,দেশ এখন পরাধীনতার শিকলে বন্দি। এই শিকল ভাঙ্গতে আমাদের সকলকেই ঐক্যবদ্ধ হতে হবে।

পরে নিহত নূরে আলমের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে মোটরসাইকেল সাথে গরুর ধাক্কায় একজন আহত

চলন্ত মোটরসাইকেলের সাথে গরুর ধাক্কায় আব্দুস সামাদ (৬৫) নামের এক ব্যক্তি আহত হয়েছে। আহত আব্দুস সামাদ মেহেরপুর সদর উপজেলার চাঁদাবিল গ্রামের মৃত রেজাউল হকের ছেলে।

শনিবার সন্ধ্যার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের শহরের গরু হাটের সামনে এ দুর্ঘটনা ঘটে। আহত আব্দুস সামাদ জানান, মোটরসাইকেল যোগে মেহেরপুরের দিকে আসার সময় একটি গরু হঠাৎ রাস্তা পার হওয়ার জন্য দ্রুত দৌড় দিলে মোটরসাইকেলের সাথে ধাক্কা লাগলে মোটরাসাইলে থেকে ছিটকে পড়ে আহত হই।

আব্দুস সামাদকে স্থানীয়রা আহত অবস্থায় উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করেন।
মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক জানান আহতের মাথা ও শরীরের বিভিন্ন স্থানে ক্ষত হয়েছে।

মেহেরপুরে পাওনা টাকা চাওয়ায় মারপিট

পাওনা টাকা চাওয়ায় আল মামুন (৩৫) নামের এক ব্যাক্তিকে পিটিয়ে হাসপাতালে পাঠিয়েছে প্রতিপক্ষ। আহত আল মামুন সদর উপজেলার বাড়িবাকা এলাকার বোর্ডপাড়ার ইউনুস আলীর ছেলে।

শনিবার সকালের দিকে এ মারপিটের ঘটনা ঘটে। আল মামুনের ভাস্তে সাইফ জানান, হাসিবুল নামের এক ব্যক্তির কাছে আল মামুন ৭শ টাকা পাবেন। সেই টাকা চাইতে গিয়ে বাকবিতন্ডা হয়।

এক পর্যায়ে বেদম মারপিট করে হাসিবুল। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে প্রাথমিক চিকিৎসা নেয়া হয়।

পরে গণ্যমান্য ব্যক্তি ও ইউপি সদস্য স্থানীয়ভাবে শালিস বৈঠক করে মিমাংসা করে দিয়েছে। হাসিবুল মারপিট করার অপরাধে নিজের দোষ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করে।

টিকটক অ্যাপে যুক্ত হলো ৯টি গেম

অ্যাপে ‘ভুডু, ‘নাইট্রো গেইমস’, ‘এফআরভিআর’, ‘এইম ল্যাব’ ও ‘লোটাম’ এর মতো নয়টি খুদে গেমসের সংগ্রহ যুক্ত করেছে টিকটক কর্তৃপক্ষ এখান থেকে কোনো ভিডিও আপলোড হওয়ার আগে ‘অ্যাড লিংক’ অপশন থেকে ‘মিনিগেম’ অপশন বাছাই করে গেমের চরিত্রগুলো ওই ভিডিওতে যোগ করা যাবে।

আর ভিডিও চলাকালীন অ্যাকাউন্টে ব্যবহারকারীর নামের নীচে দেখানো লিংকে চাপ দিয়ে দর্শকরা লিংক করা গেম খেলতে পারবেন। গেম খেলার সময় ব্যবহারকারী সেখানে গেইমপ্লে রেকর্ডের একটি অপশন পাবেন ও পরবর্তীতে সেটি টিকটক ভিডিও হিসেবে পোস্ট করতে পারবেন তিনি।

এ নিয়ে প্রযুক্তিবিষয়ক সাইট ভার্জ জানিয়েছে, অ্যাপে ব্যবহারকারীদের তুলনামূলক বেশি সময় কাটাতে এবং বিজ্ঞাপন থেকে নিজেদের আয় বাড়ানোর উপায় হিসেবে সেবাটি এনেছে টিকটক। তবে, বর্তমানে থাকা গেইমগুলোতে কোনো বিজ্ঞাপন দেখাচ্ছে না বা কোনো ধরনের ‘ইন-অ্যাপ পারচেজ’ করতে বলছে না, যা মোবাইল গেইম থেকে অর্থ আয়ের বহুল প্রচলিত দুটি পদ্ধতি।

এদিকে প্রযুক্তিবিষয়ক সাইট টেকক্রাঞ্চকে দেওয়া এক বিবৃতিতে নিজেদের এই কার্যক্রমের কথা নিশ্চিত করে টিকটকের এক মুখপাত্র জানিয়েছেন, তৃতীয় পক্ষের গেম ডেভেলপার ও স্টুডিও’র সঙ্গে একীভূত হওয়ার মাধ্যমে টিকটকে ‘এইচটিএমএল গেমস’ আনার উপায় খুঁজছেন তারা।

গত বছর ‘মুনটন টেকনোলজি’ নামে একটি সাংহাই-ভিত্তিক গেম স্টুডিও কিনেছিল টিকটকের মূল প্রতিষ্ঠান বাইটড্রান্স। গেইমিং খাতে টিকটকের পরিকল্পনা নিয়ে রয়টার্সের করা একটি প্রতিবেদনের পরপরই

মিনি-গেমসের এই পরীক্ষা চালিয়েছে ভিডিও শেয়ারিং প্ল্যাটফর্মটি।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসারের বিরুদ্ধে তদন্ত কমিটি গঠিত

রোগীকে ভূঁয়া সনদ প্রদানের অভিযোগে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. এমকে রেজার বিরুদ্ধে তিন সদস্যের তদন্ত কমিটি গঠণ করা হয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জুনিয়র কনসালটেন্ট (এনেসথেসিয়া) ডাক্তার জাহিদুর রহমানের নেতৃত্বে গঠিত তিন সদস্যের অন্যান্য সদস্যরা হলেন, আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. মারুফ, মেডিকেল অফিসার ডা. আদিলা আজহার।

গাংনী উপজেলা আগামী ৭ কর্মদিবসের মধ্যে এই তদন্ত রিপোর্ট জমা দেওয়ার নিদের্শ দেওয়া হয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. সুপ্রভা রানী বলেন, গাংনী উপজেলার সহড়াতলা গ্রামের জনৈক সুজন নামের এক ভূক্তভোগী মেহেরপুর সিভিল সার্জনের কাছে ডাক্তার এমকে রেজার বিরুদ্ধে একটি লিখিত অভিযোগ দিলে সেটি তদন্তের জন্য গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নিকট তদন্তের নির্দেশ দেন।

সে নির্দেশনা মোতাবেক আজ শনিবার (৬ আগষ্ট) এ কমিটি গঠণ করে ৭ দিন সময় বেধে দেওয়া হয়েছে।

উল্লেখ্য, অভিযোগকারী সুজনের স্ত্রী পারিবারিক কলহের জের ধরে গত বছরের ফেব্রুয়ারী মাসে তার বিরুদ্ধে আদালতে যৌতুকের দাবীতে নারী নির্যাতনের একটি মামলা দায়ের করেন। অথচ, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার এমকে রেজা ওই নারীকে শারীরিক নির্যাতনের একটি মেডিকেল সনদ গত বছরের ২ জুন মাসে দেন। সেই সনদ মামলায় ব্যবহার করছে। এটিকে মিথ্যা ও ভূঁয়া সনদ বলে অভিযোগ করেন

ভুক্তভোগী সুজন।

ভুক্তভোগী বলেন, ডাক্তার এমকে রেজা দীর্ঘদিন যাবৎ টাকার বিনিময় একই ধরণের সার্টিফিকেট প্রদান করে আসছেন।তার ইওসি এবং পিজিটি কোর্স করা আছে বললেও এখন পর্যন্ত সে কোনো সার্টিফিকেট কাউকে দেখাতে পারেনি।

মেহেরপুরে ১৬০ বোতল ফেনসিডিলসহ নারী মাদক ব্যবসায়ী আটক

মাদক রিরোধী অভিযান চালিয়ে ১৬০ বোতল ফেনসিডিলসহ হাদিছা খাতুন নামের এক নারী মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ। হাদিছা খাতুন মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামের স্কুল পাড়া এলাকার আব্দুল মালেকের স্ত্রী।

শনিবার দিবাগত মধ্যরাতে মেহেরপুর সদর থানা পুলিশের একটি ইউনিট তার বাড়িতে অভিযান চালিয়ে এই ফেনসিডিলসহ তাকে আটক করেন।

এ সময় তার ঘর থেকে ১৬০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

সদর থানার উপপরিদর্শক (এসআই) অরুক কুমার, সঞ্জিব কুমার, এএসআই মাহাবুব, এএসআই ইব্রাহিম, আশরাফুল ইসলামসহ সঙ্গীয় ফোর্স অভিযানে অংশ নেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মেজবাহ উদ্দীন আহম্মেদ জানান, আব্দুল মালেকের বাড়িতে ফেনসিডিল মজুদ করা হয়েছে এমন সংবাদের ভিত্তিত্বে ওই বাড়িটিতে অভিযান চালানো হয়। অভিযানে ১৬০ বোতল ফেনসিডিল জব্দ করা হয়েছে। এই সাথে আটক করা হয়েছে হাদিছা খাতুনকে।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় হাদিছা খাতুনের নামে পুলিশ বাদী হয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দিয়েছে।

আজ শনিবার (৬ আগষ্ট) বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

৬৬ জনকে নিয়োগ দেবে বিসিক

জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)। ১৭টি ভিন্ন পদের বিপরীতে মোট ৬৬ জনকে নিয়োগ দেওয়া হবে। পদগুলোতে নারী ও পুরুষ উভয়েই আবেদন করতে পারবেন। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নাম

প্রোগ্রামার, সম্প্রসারণ কর্মকর্তা, বাজেট অফিসার, নিরীক্ষা কর্মকর্তা, ঊর্ধ্বতন নকশাবিদ, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী প্রোগ্রামার, কারিগরি কর্মকর্তা, নকশাবিদ, কম্পিউটার অপারেটর, ক্যাশিয়ার, ড্রাফটসম্যান, করণিক তথা কম্পিউটার মুদ্রাক্ষরিক্, প্রধান বাবুর্চি, ফিল্ড স্টাফ, টেকনিক্যাল হেলপার।

পদসংখ্যা

সর্বমোট ৬৬ জন।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ অনুস্বারে যোগ্যতা পূরণ সাপেক্ষে প্রার্থীরা বিভিন্ন পদে আবেদন করতে পারবেন। পদ ভেদে প্রার্থীর কয়েক বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ২০২২ সালের ১ আগস্ট ১ থেকে ১১ নম্বর পদের জন্য উল্লিখিত বয়সসীমা প্রযোজ্য হবে। ১২ থেকে ১৭ নম্বর পদের জন্য বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সময়সীমা ১৮ থেকে ৩২ বছর।

বেতন

বিভিন্ন পদের জন্য জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী বেতন-ভাতা দেওয়া হবে।

আবেদন প্রক্রিয়া

আগ্রহী প্রার্থীদের অনলাইনে (http://bscic.teletalk.com.bd) আবেদন করতে হবে।

আবেদনের শেষ তারিখ

৮ সেপ্টেম্বর, ২০২২।

সূত্র : প্রতিষ্ঠান ওয়েবসাইট।

বিস্তারিত বিজ্ঞপ্তিতে

যুগ যুগ ধরে মাঠের ফসল পাহারা দিচ্ছে কাকতাড়ুয়া

পশু পাখির হাত থেকে মাঠের ফসল বাঁচাতে কৃষকদের প্রাচীন পদ্ধতি, যাকে কাকতাড়ুয়া বলে। পল্লী গাঁয়ের মাঠে মাঠে এই কাকতাড়ুয়া নিরলসভাবে দাঁড়িয়ে থাকে ফসল বাঁচানোর কাজে। মাটির উপর একটি বাঁশের সাথে এক গুচ্ছ বিচালী জড়িয়ে অব্যবহৃত ছেঁড়া জামা ও প্যান্ট দিয়ে মানুষের আদলে তৈরী করে মাথার উপর বসানো হয় বড় মাটির হাড়ি। সে হাড়ির উপর সাদা চুনের প্রলেপ দিয়ে মানুষের মুখাকৃতি ও চোখ আকানো হয়। রাতে মৃদু বাতাসের সাথে দোল খেতে দেখে মানুষ আসছে ভেবে পশু পাখি পালিয়ে যায় ফসল ক্ষেত থেকে। এভাবেই কাকতাড়ুয়া যুগের পর যুগ আমাদের মাঠের ফসল রক্ষার দায়ীত্ব পালন করছে।

ছবিটি গাংনীর পুড়াপাড়া মাঠ থেকে তুলেছেন জুলফিকার আলী কানন

সিরিয়াল কিলারের নামে স্টেডিয়ামের গ্যালারি!

ইংল্যান্ডের ক্লাব সাউথএন্ড ইউনাইটেডের মাঠ রুটস হলের পশ্চিম পাশের গ্যালারির নাম দেওয়া হয়েছে ‘গিলবার্ট অ্যান্ড রোজ ওয়েস্ট স্ট্যান্ড’।

আর এমন নাম দিয়েই বিপাকে পড়েছে ক্লাবটি। কারণ, ইংল্যান্ডের অন্যতম কুখ্যাত ‘সিরিয়াল কিলারের’ নাম রোজ ওয়েস্ট।

এ নামের সঙ্গে গ্যালারির নাম মিলে যাওয়ায় সামাজিক যোগাযোগমাধ্যমে ক্ষোভ ঝাড়ছেন ইংলিশরা। যত দ্রুত সম্ভব নাম পরিবর্তনের দাবি জানাচ্ছেন তারা।

অবশ্য ইচ্ছে করে এমন নাম দেয়নি সাউথএন্ড। রিয়েল এস্টেট প্রতিষ্ঠান গিলবার্ট অ্যান্ড রোজের সঙ্গে স্পনসরশিপ চুক্তির কারণে গ্যালারির নামকরণ করা হয় এই নামে।

ক্লাবটির চেয়ারম্যান রন মার্টিন পরে সংবাদমাধ্যম ‘টকস্পোর্ট’কে বলেছেন, ‘এটা দুর্ভাগ্যজনক। ক্লাবের জন্য মোটেই ভালো কিছু নয়। আসলে ক্লাবের বাণিজ্যিক বিভাগের কেউ সেই ভয়ংকর ঘটনার সময় জন্ম নেয়নি। সম্ভবত এ কারণেই বিপত্তিটা ঘটেছে। আমাদের সিনিয়রদের কারও বিষয়টি খেয়াল করা উচিত ছিল। কিন্তু কেউ তা করেনি। এজন্য সবার কাছে ক্ষমা চাই।’

শিগশিগই নাম পাল্টাবেন বলে জানালেন তিনি। বললেন, ‘ক্লাবের প্রধান নির্বাহী টম লরেন্সের সঙ্গে কথা বলেছি। আমরা অবশ্যই নামটি পাল্টাব। আমরা গ্যালারির নাম পাল্টে ‘দ্য ওয়েস্ট স্ট্যান্ড স্পনসরড বাই গিলবার্ট অ্যান্ড রোজ’ রাখব।’

উল্লেখ্য, ষাটের দশকে ব্রিটিশ নাগরিক রোজ ওয়েস্ট ও তার স্বামী ফ্রেড ওয়েস্ট গ্লুস্টারে নিজেদের বাসায় একের পর এক নৃশংস সব খুন করেন। ২০ বছর ধরে এই দম্পতি ঠিক কতগুলো খুন করেছেন, তার সঠিক হিসাব জানা জায়নি। তবে ১০টি খুনের হিসাব পাওয়া গেছে। সেই দায়ে

১৯৯৫ সাল থেকে রোজ ওয়েস্ট পশ্চিম ইয়র্কশায়ারে কারাভোগ করছেন। আর শাস্তি থেকে বাঁচতে একই বছর জেলে আত্মহত্যা করেন রোজের স্বামী ফ্রেড।

তথ্যসূত্র: ইএসপিএন